গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আদমী কোর্ট এনেক্স-২ (৫ম ও ৮ম তলা)
১১৯-১২০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-১৪৫৯ তারিখ: ২৩ ডিসেম্বর ২০২৫

বিষয়: ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহের সাথে ডিসেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মাহবুবুর রহমান
পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা

সভার তারিখ ও সময় : ২২/১২/২০২৫ খ্রি. সকাল- ১১:০০ টা
স্থান : ক্রীড়া পরিদপ্তর, ঢাকা ও ভার্চুয়াল প্লাটফর্ম
মাধ্যম : ভার্চুয়াল জুম প্লাটফর্ম

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। ক্রীড়া পরিদপ্তর এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার সাথে ডিসেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ডি-নথি সংক্রান্ত | পরিচালক, মহোদয় ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহের সাথে ডি-নথির পারফরমেন্স দেখে উদ্বেগ প্রকাশ করেন। তিনি জানান যে, ডি-নথির পারফরমেন্স বাড়ানো বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। | ১। ক্রীড়া পরিদপ্তরের সকল নথি ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে এবং ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন শারীরিক শিক্ষা কলেজ ও জেলা ক্রীড়া অফিসসমূহকে আগামী ২ সপ্তাহের মধ্যে ডি-নথি কার্যক্রম সক্রিয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধ্যক্ষ (সকল), সহকারী পরিচালক (প্রশাসন/সংগঠন /প্রভাষক) ও জেলা ক্রীড়া অফিসার |
| ২. | ওয়েবসাইট হালনাগাদকরণ | পরিচালক জানান যে, জেলা ক্রীড়া অফিসের ওয়েব পোর্টালে অফিস প্রধানের বিভিন্ন তথ্য যেমন- নাম, পদবি, কর্মস্থলে যোগদান তারিখ, নিজ জেলা, মোবাইল নম্বর, টেলিফোন নম্বর, ব্যক্তিগত ই-মেইল ও সরকারি ই-মেইল ঠিকানা সঠিক দেয়া হয়নি এবং কর্মচারীদের প্রোফাইলও আপডেট করা হয়নি। এছাড়াও সরকারি শারীরিক শিক্ষা কলেজসমুহের কর্মকর্তা ও কর্মচারীদের প্রোফাইল যথাযথ ভাবে আপডেট করা হয়নি। | ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের কর্মকর্তা কর্মচারীদের হালনাগাদ তথ্য এবং সকল সেবা বক্স স্ব-স্ব ওয়েব সাইটে নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধ্যক্ষ, সহকারী পরিচালক, ও জেলা ক্রীড়া অফিসার |

পাতা/২

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিটিজেনস চার্টার, তথ্য অধিকারসহ বিভিন্ন সেবা বক্স হালনাগাগাদ বিষয়ে আলোচনা হয়। | | |
| ৩. | ক্রীড়া সামগ্রী বিতরণ সংক্রান্ত | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর জানান যে, ক্রীড়া পরিদপ্তরের মাধ্যমে যে সব প্রতিষ্ঠান/ক্রীড়া ক্লাবকে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়, তার তালিকা জেলা ক্রীড়া অফিসসমূহের নিকট প্রেরণ করা হলে, জেলা পর্যায় থেকে ক্রীড়া সামগ্রী বিতরণ করা সহজ হবে এবং এক প্রতিষ্ঠান বছরে দুইবার পাওয়ার সম্ভাবনা কম থাকে। | ক্রীড়া পরিদপ্তরের মাধ্যমে যে সব প্রতিষ্ঠান/ক্রীড়া ক্লাবকে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়, তার তালিকা জেলা ক্রীড়া অফিসসমূহে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (সংগঠন) |
| ৪. | ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন দপ্তর/ সংস্থার সাথে সমন্বয় সভা আয়োজন সংক্রান্ত | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন কলেজ ও জেলা ক্রীড়া অফিসের সাথে প্রতি মাসের ২য় সপ্তাহে ১টি সমন্বয় সভার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা, ক্রীড়া পরিদপ্তর ক্রীড়া পরিদপ্তর |
| ৫. | জেলা ক্রীড়া সংস্থা সংক্রান্ত | ১। জনাব আল-আমীন খন্দকার জেলা ক্রীড়া অফিসার, ফরিদপুর জানান, ক্রীড়া সংস্থার জনবলের প্রশাসনিক প্রধান এবং নিয়ন্ত্রণকারী হিসেবে জেলা ক্রীড়া অফিসারকে দায়িত্ব দেওয়া হলে ক্রীড়া পরিষদের কার্যক্রম পরিচালনা করা সহজ হবে।<br>২। মিজ ফারজানা আক্তার সাথী, জেলা ক্রীড়া অফিসার, নারায়নগঞ্জ জানান, পদাধিকারবলে জেলা ক্রীড়া অফিসারকে জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক/সদস্য সচিব পদে দায়িত্বে রাখা হলে জেলা ক্রীড়া সংস্থার কার্যক্রম পরিচালনা করা পরবর্তী দিনগুলোর জন্য সুবিধাজনক হবে। | ১। জেলা ক্রীড়া অফিসারকে পদাধিকারবলে জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক/সদস্য সচিব এবং জেলা ক্রীড়া সংস্থার জনবলের প্রশাসনিক প্রধান এবং নিয়ন্ত্রণকারী হিসেবে ক্রীড়া অফিসারকে দায়িত্ব প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) ও জেলা ক্রীড়া অফিসার |
| ৬. | প্রশিক্ষণ সংক্রান্ত | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর জানান ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরী বিধিমালা ১৯৭৯, | ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন অফিসসমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরী বিধিমালা ১৯৭৯, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮, ছুটি | সহকারী পরিচালক (সংগঠন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮, ছুটি সংক্রান্ত বিধিমালা, ডি-নথি, GPMS, E-GP, GEMS ও PPR-2025 বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। | সংক্রান্ত বিধিমালা, ডি-নথি, GPMS, E-GP, GEMS ও PPR-2025 বিষয়ে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭. | বকেয়া বিল | সভায় বকেয়া বিল সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | বকেয়া বিলসমূহ দ্রুত পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব শাখা |
| ৮. | ক্রীড়া পরিদপ্তর এবং জাতীয় ক্রীড়া পরিষদের সাথে সমঝোতা স্মারক (MoU) সংক্রান্ত | জেলা স্টেডিয়ামসমূহের সঠিক ব্যবস্থাপনার জন্য ক্রীড়া পরিদপ্তর এবং জাতীয় ক্রীড়া পরিষদের সাথে প্রণীত খসড়া সমঝোতা স্মারক (MoU) বিষয়ে আলোচনা হয়। | জেলা ক্রীড়া অফিসারগণ কর্তৃক প্রেরিত মতামতের ভিত্তিতে প্রণীত খসড়া সমঝোতা স্মারক (MoU) প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুবুর রহমান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪৭১২০৮২০
ই-মেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-১৪৫৯ তারিখ: ২৩ ডিসেম্বর ২০২৫

**বিতরণ: কার্যার্থে**

১. অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা (বাগেরহাট)/বরিশাল/ময়মনসিংহ;
২. জেলা ক্রীড়া অফিসার (সকল)--------------;
৩. পরিচালকের একান্ত সহকারী, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
৪. জনাব ------------------------------- পদবি: ------------------------------ ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

**সদয় অবগতি:**

১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. অফিস কপি।

এস, আই, এম ফেরদৌস আলম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪৭১২০৮২১